

Ministry of Health

আপনার কোভিড-১৯ টীকা নেওয়ার পরের প্রত্যাশা

সংস্করণ ২.০ (Version 2.0) মার্চ ২৯, ২০২১

আগামী কয়েক দিনের মধ্যে আমার কী কী হওয়ার প্রমাণা করতে পারি? আশা করা উচিত?

- সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলির মধ্যে রয়েছে ব্যথা, লাললাল ভাব, সঁই ফোটানোর সাইটে ফোলা, ক্লান্তি, মাথাব্যথা, মাংস পেশীতে ব্যথা, শীতে গায়ে কাঁপুনি লাগা, গাঁটে ব্যথা এবং অল্প জ্বর।
- গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া খুবই বিরল। আপনার ডাক্তার বা নার্স প্র্যাকটিশনারকে কল করুন অথবা নিকটতম এমারজেন্সি ডিপার্টমেন্টে চলে যান যদি আপনার টীকা গ্রহণের তিন দিনের মধ্যে নিম্নলিখিত কোনও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়: আমবাতের মত চর্মরোগ (hives) হয়, মুখমণ্ডল বা মুখগহ্বর ফুলে যায়, শ্বাস-প্রশ্বাস নিতে কষ্ট হয়, গায়ের রঙ খুব ফ্যাকাশে হয়ে যায় এবং প্রচণ্ড তন্দ্রাভাব, খুব বেশী জ্বর (over 40°C/১০৪°সেলসিয়াস-এর বেশি), শরীরে ঝিঁচুনি বা তড়কা লাগে (convulsions or seizures), অথবা অন্যান্য গুরুতর লক্ষণ (যেমন, ঝিঁ ঝিঁ ধরা বা শরীরে অবশতা)।
- অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড টীকাটি [ভ্যাকসিন-ইনডিউসড প্রোস্ট্রোস্ট্রোটিক ইমিউন থ্রোস্ট্রোসাইটোপেনিয়া \(VIPIT\)](#) নামে পরিচিত একটি খুব বিরল পার্শ্ব প্রতিক্রিয়ার সাথে যুক্ত। আপনি যদি এই টীকাটি গ্রহণের পরে নিম্নলিখিত কোনও লক্ষণ দেখেন তবে অবিলম্বে চিকিৎসা গ্রহণ করুন: শ্বাসকষ্ট, বৃক্কে ব্যথা, হাত বা পা ফুলে যায় বা ঠাণ্ডা হয়ে যায়, পেটে ব্যথা যার উপশম হয় না, প্রচণ্ড বা বেশী মাথাব্যথা বা ঝাপসা দৃষ্টি, অথবা একাধিক ছোট ছোট কালশিটে দাগ, লাল বা বেগুনি দাগ বা চামড়ার নীচে রক্তের ফোঁস্কা।

আমাকে কি এখনও কোভিড-১৯-এর জন্য জনস্বাস্থ্য ব্যবস্থাগুলি অনুসরণ করে যেতে হবে?

- টীকাটি কোভিড-১৯ থেকে নিজেকে রক্ষা করার একটি অতিরিক্ত উপায়। কোভিড-১৯ টীকার উভয় ডোজ নেওয়ার পরে আপনার কোভিড-১৯ ছড়ানো রোধ করার ব্যবস্থাগুলি অনুসরণ করা চালিয়ে যাওয়া উচিত, যেমন মাস্ক পরা, শারীরিক দূরত্ব বজায় রাখা এবং হাত ধোয়া।
- কোভিড-১৯ এর লক্ষণগুলির ব্যাপারে সতর্ক থাকুন এবং লক্ষণগুলি ধরা পড়লে টেস্ট করান।

আমার দ্বিতীয় ডোজের জন্য কখন ফিরে আসতে হবে?

- টীকাকরণ সম্পূর্ণ করার জন্য আপনার দুটি ডোজের প্রয়োজন। এটি যদি আপনার কোভিড-১৯ টীকার প্রথম ডোজ হয় তবে ক্লিনিক বা বুকিং সিস্টেমের নির্দেশ অনুযায়ী আপনার দ্বিতীয় ডোজটি নিতে ভুলবেন না। আপনার দ্বিতীয় অ্যাপয়েন্টমেন্টে আপনার টীকার ছাপা রসিদটি সঙ্গে নিয়ে আসবেন, যেটি আজ আপনাকে দেওয়া হয়েছে।